# বড়মাপের প্রত্যাশা

## আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সহযোগী হওয়া

কে

১

২

৩

৪

৫

৬

৭

৮

NYC
Department of Education
*Joel I. Klein, Chancellor*

# বড়মাপের স্কুলগুলো বড়মাপের প্রত্যাশা নিয়ে শুরু করে

প্রতিটি গ্রেডে প্রতিটি শিক্ষার্থীর কী জানা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে, শিক্ষার মান তার মূলসূত্র বর্ণনা করে। সব ছেলেমেয়ে পরের গ্রেডে উত্তীর্ণ হওয়ার এবং, পরবর্তীতে, কলেজে সফলতালাভের, জীবিকা-অর্জনের এবং নিজেদের কম্যুনিটির একজন সৃষ্টিশীল সদস্য হওয়ার জন্য প্রস্তুত রয়েছে, এসব মান সেই বিষয়গুলোই নিশ্চিত করে থাকে। ছেলেমেয়েদের উচিত নিজেদের মাঝে লেখাপড়ার প্রতি ভালোবাসা তৈরি করা, যে-ভালোবাসা বর্তমান বিশ্বে, যেখানে গুরত্বপূর্ণ তথ্য দ্রুত পরিবর্তিত হয় ও বৃদ্ধি পায়, তাদের প্রয়োজনে আসবে।

প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব অর্থনীতিতে কাজ সন্ধান করার এবং দ্রুত পরিবর্তনশীল বিশ্বে কার্যকর হওয়ার জন্য আমাদের ছেলেমেয়েদের অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি জানতে হবে। যেসব স্নাতক চারবছরের কলেজে ভর্তি হতে চায় এটি তাদের ক্ষেত্রে সত্যি; এটি একইভাবে সত্যি সেসব শিক্ষার্থীর জন্যও যারা হাই স্কুল থেকে বেরিয়েই পেশাজীবন শুরু করতে চায়।

নিউ ইয়র্ক স্টেটের যেসব মানদণ্ড আমরা ব্যবহার করে থাকি সেগুলো আমাদের শিক্ষার্থীদের একটি কঠোর পাঠক্রম প্রদান করে। এর উদ্দেশ্য শিক্ষার্থীদের আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করার উপযোগী সৃজনশীলতা, সূক্ষ্ম চিন্তনের দক্ষতা ও সমস্যাসমাধানের সামর্থ্য-লাভ নিশ্চিত করা। তবে এসব মান একটি প্রারম্ভিক বিন্দুমাত্র, লক্ষ্য নয়। জ্ঞানের একটি সুদৃঢ় ভিত্তি লাভ করে এবং সেই ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়ে আমাদের শিক্ষার্থীরা তাদের শিক্ষার সর্বাধিক সুফল অর্জন করবে।

***এখানে আপনারা সপ্তম গ্রেডের শিক্ষার্থীদের স্কুলবছরের শেষে ভাষা শৈলী, অঙ্ক, সমাজপাঠ, এবং বিজ্ঞানে কী জানা থাকা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে তার উদাহরণ পাবেন। পরিবার হিসাবে শিক্ষাক্ষেত্রে আপনি বাড়িতে, নিজের এলাকায় এবং আমাদের এই চমৎকার সিটির সর্বত্র কোন ধরনের সহায়তা দিতে পারেন সেকথাও আপনি জানবেন।***

এই নির্দেশিকা সপ্তম গ্রেডে অনুসৃত মাপকাঠির ক্ষুদ্র একটি নমুনামাত্র উপস্থাপিত করে। বাকি আদর্শগুলোর খবর কী? সপ্তম গ্রেড শুরু করার আগে আপনার সন্তানের কী শেখা উচিত ছিল? সে অষ্টম গ্রেড বা তার পরে কী শিখবে? এই প্রশ্নগুলোর সবকটির উত্তরই আপনি পাবেন আপনার সন্তানের শিক্ষকের কাছে অথবা আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে।

## অধ্যয়নের সুঅভ্যাস

অধ্যয়নের সুঅভ্যাস গড়ে তোলায় আপনার ছেলেমেয়েদের সাহায্য করার জন্য:

- ❑ হোমওয়ার্ক করার জন্য বাড়িতে একটি নিরিবিলি জায়গা ঠিক করুন যেখানে কলম, পেন্সিল, কাগজ, কাঁচি ও টেপের মত সাধারণ জিনিসগুলো হাতের নাগালের মধ্যেই থাকবে।
- ❑ তাদেরকে রোজ দায়িত্বপ্রাপ্ত কাজগুলোর কথা লিখে রাখতে ও সুবিন্যস্ত করতে বলুন। নিজেদের সময় কীভাবে ব্যবহার করতে ও দীর্ঘমেয়াদি লক্ষ্যের উদ্দেশে কাজ করতে হয় ওদের তা জানা প্রয়োজন।
- ❑ সবচেয়ে কঠিন কাজটি সবার আগে, শেষে নয়, করতে তাদের উৎসাহিত করুন।
- ❑ দায়িত্বপ্রাপ্ত কাজগুলো ঠিকসময়ে সম্পন্ন হয়েছে কিনা খোঁজ নিন। যথার্থ উত্তর পেয়েছে কিনা সে-বিষয়টির চেয়েও বেশি গুরুত্ব দিন তারা কী ভাবে কাজ সম্পন্ন করছে সেই প্রক্রিয়াটির উপর।

অন্যান্য চিন্তা-চেতনার জন্য, দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics

## *প্রতিবন্ধী শিক্ষার্থী:*

*শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি)-তে যদি সুনির্দিষ্টভাবে কোনকিছু উল্লিখিত না থাকে, প্রতিবন্ধী শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার পাঠক্রমে অংশ নেবে। এই পাঠক্রম ভিন্ন ভিন্ন নির্দেশনা-স্তর ও কাঠামো (যেমন সহযোগিতামুলক দলগত শিক্ষকতার ক্লাস বা স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষার ক্লাস) অনুযায়ী অভিযোজিত করা যেতে পারে। মান পূরণে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সহায়তাদানে অভিযোজনার মধ্যে থাকতে পারে নির্দেশনা সহায়তা যেমন ক্যালকুলেটর ও ভিজ্যুয়াল এইডস, নতুন দক্ষতা শেখার জন্য বাড়তি সময় দেয়া, এবং অর্পিত দায়িত্বের দৈর্ঘ্য হ্রাস।*

# আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করুন

আপনার সন্তান স্কুলে কী শিখছে এবং আপনি বাড়িতে কীভাবে এই শিক্ষাকে সহায়তা করতে পারেন, শিক্ষার মান আপনাকে সে সম্পর্কে শিক্ষকদের সাথে কথা বলার বিরাট সুযোগ এনে দেয়। আপনি যেসব প্রশ্ন করতে পারেন এখানে তার কিছু নমুনা এখানে দেয়া হল।

## *মান সম্পর্কে আরও জানার জন্য:*

- ❑ শিক্ষার্থীর এমন কিছু কাজের নমুনা আপনি কি আমাকে দেখাতে পারেন যেগুলো এই মান পূরণ করেছে ?
- ❑ এই মান সম্পর্কিত আমার সন্তানের কিছু কাজ কি আমি দেখতে পারি?
- ❑ স্কুলবছরের কোন সময়ে আমার সন্তান এই মান অর্জনের লক্ষ্যে কাজ করবে?
- ❑ আমার সন্তানকে এই মান পূরণে বা অতিক্রমে সাহায্য করার জন্য আপনারা স্কুলে কী কী কার্যক্রম বা উপকরণ ব্যবহার করছেন? কী কী ক্লাসওয়ার্ক এবং হোমওয়ার্ক দেবেন বলে আপনি আশা করেন?
- ❑ আমার সন্তানকে মান অর্জনে সাহায্য করার জন্য কী কী অনুশীলন আছে যা আমি আমার সন্তানের সঙ্গে করতে পারি?
- ❑ এই নির্দেশিকায় বর্ণিত মানের বাইরে এই বছর আমার সন্তান আরও কী শিখবে বলে প্রত্যাশা করা হয়?

## *আপনার সন্তান স্কুলে কেমন করছে তা জানার জন্য:*

- ❑ আমার সন্তান কোন্ কোন বিষয়ে গ্রেড স্তরে কাজ করছে? সে উন্নতি করতে পারে এমন ক্ষেত্র আছে কি?
- ❑ আমার সন্তান কি গ্রেড স্তরে পড়ছে? আমার সন্তান পড়তে পারে এমন কিছু বই কি আপনি আমাকে দেখাতে পারেন?
- ❑ প্রতিদিন প্রতিটি বিষয়ে আমার সন্তান কতটুকু সময় ব্যয় করে?
- ❑ এই বিষয়গুলোতে আমার সন্তানকে বর্ষব্যাপী আপনি কীভাবে মূল্যায়ন করেন?

## *আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে হবে তা জানার জন্য:*

- ❑ আমার সন্তান কেমন করছে, তা হালনাগাদ জানার জন্য প্রতিবেদনপত্র ব্যতীত আর কী কী সেরা পথ রয়েছে?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর অর্জন না করে থাকে: আমার সন্তানের জন্য স্কুল কী ধরনের সহায়তা দিতে সমর্থ? আমার সন্তান যেন স্কুলে আরও ভালো করে তার জন্য সহায়তা দিতে বাড়িতে আমি কী করতে পারি?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর বা তার চেয়ে উপরে অবস্থান করে: আমার সন্তানের জন্য আপনি কী ধরনের অতিরিক্ত মানোন্নয়ন এবং সহায়তার পরামর্শ দেন? বাড়িতে আমি কীভাবে সহায়তা করতে পারি?

# 7

# ভাষা শৈলী

## স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- রচয়িতারা কীভাবে সাহিত্যের উপকরণ যেমন অনুপ্রাস (শব্দের শুরুতে একই ব্যঞ্জন ধ্বনি ব্যবহার, যেমনটা "প্রেটি ইন পিংক"-এ) অথবা পূর্বাভাস (পরবর্তীতে কাহিনীতে কী ঘটবে সে সম্পর্কে সূত্র বুনে দেয়া) ব্যবহার করে তা চিহ্নিত করবে।
- লেখা এবং বিষয় সম্পর্কে তারা যে অভিমত গঠন করে তার উপর তাদের নিজস্ব দৃষ্টিভঙ্গি প্রভাব ফেলবে এটা বুঝবে।
- লেখার পরিকল্পনা ও বিন্যাসের জন্য বিভিন্ন পদ্ধতি ব্যবহার করবে। যেমন, তারা লেখকের নোটবুক অথবা টাইমলাইন জাতীয় গ্রাফিক অর্গানাইজার ব্যবহার করতে পারে।
- সাহিত্য ও তথ্যমূলক লেখা (প্রতিবেদন, নিবন্ধ ইত্যাদি) বোঝা এবং ব্যাখ্যা করার জন্য ক্লাসের লেকচার, ছোট গ্রুপে আলোচনা এবং ক্লাসরুমের আলোচনা শুনবে।
- মৌলিক সাহিত্যমূলক লেখা উপস্থাপন করবে যেমন, নিজেদের কবিতা, নাটক বা গল্প। ভাষায় এবং লেখার গঠনে নতুনত্ব ব্যবহার করবে। যেমন, শ্রোতার আগ্রহ সৃষ্টি করে এমন ভূমিকা ব্যবহার করবে।
- কমপক্ষে ২৫টি বই পড়বে ও বুঝবে। এগুলোর মধ্যে কমপক্ষে চারটি বই থাকবে কোন একটি বিষয়ের উপর বা এই লেখকের লেখঅ বা সাহিত্যের বিশেষ কোন শাখার।
- শব্দ বলার ধরন শব্দের অর্থকে প্রভাবিত করতে পারে এটি বুঝবে। যেমন, ভাষণ বক্রোক্তি, শেষ, বা উদ্দীপনা প্রকাশে সাহায্য করতে পারে।
- পাঠ-করা বিষয় বোঝা এবং প্রতিক্রিয়া ব্যক্ত করার জন্য বিভিন্ন ধরনের অবধান কৌশল ব্যবহার করবে, যেমন ভবিষ্যদ্বাণী করা, প্রশ্ন করা, সারাংশ করা, কল্পনা করা এবং যোগসূত্র তৈরি করা।
- নতুন নতুন শব্দের অর্থ নির্ধারণে শব্দমূল (যেমন গ্রীক, ল্যাতিন, অথবা অ্যাংলো-স্যাক্সন উৎসের) এবং শব্দাংশ (যেমন উপসর্গ ও প্রত্যয়-প্রকৃতি) সম্পর্কিত জ্ঞান ব্যবহার করবে ।
- বিভিন্ন শাখার লেখা মনে মনে ও জোরে জোরে পড়বে।

## বাড়িতে শেখা

পরিবারের মাতৃভাষায় এবং এমনকি ইংরেজিতেও, পরবর্তী এই কৌশলগুলি নেয়া যেতে পারে।

*আপনার সন্তানকে* তার একটি চলমান অভিজ্ঞতা বা থিমের উপর *জার্নাল*, ব্লগ, বা অন্য কোনো লিখিত রেকর্ড *রাখতে উৎসাহিত করুন*। উদাহরণস্বরূপ, তারা সম্ভাব্য পেশা, সিদ্ধান্ত প্রস্তুত করা ও সংরক্ষণ করা, একটি অব্যাহত স্বেচ্ছাসেবামূলক প্রকল্প, অথবা একটি নতুন স্কুল বর্ষ শুরু করার উপর লিখতে পারে।

*আপনি এবং আপনার সন্তানের মধ্যে একটি আলোচনা রেকর্ড করুন।* একে অপরের স্বরের ধরন, মাত্রা, গতি এবং ভাষার নির্বাচন বিশেষণ করুন। প্রতিটি স্বর কী কী অকথিত বার্তা প্রকাশ করে?

নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির ওয়েব সাইট kids.nypl.org. এর মাধ্যমে পাওয়া যায় এমন আগ্রহের বিষয়বস্তুর উপর *অন লাইন গবেষণা সহায়তা খুঁজে নিতে আপনার সন্তানকে উৎসাহিত করুন।*

# অঙ্ক

## বাড়িতে শেখা

আপনার সন্তানের সাথে জন্য একটি সঞ্চয়ী হিসাব খুলুন এবং সঞ্চয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করুন।

ছোটদের জন্য ***নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির ওয়েব সাইট*** “On-Lion” for Kids, kids.nypl.org/science/math.cfm, ঠিকানায় ভালো ভালো অঙ্ক এবং বিজ্ঞান গেম্‌স এবং অভিযান আছে। এর মধ্যে হোমওয়ার্কে সহায়তা ও মিড্‌ল্ স্কুলের অঙ্কের ধারণা বিষয়ক প্রশ্নোত্তর রয়েছে।

***আপনার সন্তান এবং সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন।*** আপনি যখন শিক্ষার্থী ছিলেন তখনকার সময় থেকে অঙ্কের পাঠক্রম বদলে গিয়ে থাকতে পারে। প্রশ্ন জিজ্ঞাসা করতে ভয় পাবেন না। আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে হয়, তার আভাসের জন্য www.figurethis.org ওয়েবসাইটে গিয়ে “Family Corner,” ক্লিক করুন।

## স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- অতি বৃহৎ এবং অতি ক্ষুদ্র সংখ্যা প্রকাশ করার জন্য বৈজ্ঞানিক সংকেত ব্যবহার করবে, যেমন এক ট্রিলিয়ন (১,০০০,০০০,০০০,০০০) কে ১০ এর ১২তম ঘাত অথবা ১০১২ হিসাবে লেখা যেতে পারে।
- পূর্ণ সংখ্যা- ধনাত্মক পূর্ণ সংখ্যা (১, ২, ৩....), ঋণাত্মক পূর্ণ সংখ্যা (-১, -২, -৩....), এবং শূন্য নিয়ে যোগ বিয়োগ, পূরণ, এবং ভাগ করবে।
- বৃত্তের পরিধি বা ক্ষেত্রফল ব্যবহার করে বৃত্তের ব্যাসার্ধ এবং ব্যাস বের করবে। যেমন, ব্যাস পূরণ ‘পাই’ (৩.১৪১৬), সমান পরিধি; তাই, বৃত্তের পরিধি যদি ১৫ একক হয়, ১৫ কে ৩.১৪১৬ দিয়ে ভাগ করলে ব্যাসের মান ৪.৭৭ এককের কাছাকাছি পাওয়া যাবে।
- সমকোণ ত্রিভুজের জ্যামিতি, পিথাগোরাসের উপপাদ্যসহ বুঝবে এবং প্রয়োগ করবে। সমকোণ ত্রিভুজের দুই বাহুর যোগফল সেটির অভিভুজের বর্গফলের সমান, বা $a^2 + b^2 = c^2$
- ওজনের প্রথাসিদ্ধ একক চিহ্নিত করবে, যেমন পাউন্ড এবং আউন্স; এবং ওজনের মেট্রিক একক হিসাবে, যেমন গ্রাম এবং কিলোগ্রাম।
- মানচিত্রের স্কেল ব্যবহার করে দূরত্ব হিসাবে করবে। যেমন, স্কেলে যদি ১ ইঞ্চি = ১০ মাইল হয়, তাহলে মানচিত্রে ৪ ১/২ দূরে অবস্থিত দুটি বিন্দুর মধ্যে দূরত্ব হিসাব করে বের করবে।
- একক মূল্য হিসাব করবে এবং তুলনা করবে। যেমন, ৮-আউন্স দুধের একটি কার্টনের মূল্য যদি ৳০.৬০ এবং ১২-আউন্স দুধের একটি বোতলের মূল্য ৳১.০০ হয়, তাহলে প্রতিটির ক্ষেত্রে প্রতি আউন্স দুধের মূল্য হিসাব করে বের করে দেখাবে যে, কোনটি বেশি ভালো দাম।
- বিভিন্ন মুদ্রার অর্থ পরিবর্তন করবে। যেমন, হিসাব করবে যে, ৳১০০.০০ তে ইউরোপীয়ান ইউনিয়নের দেশে ব্যবহৃত মুদ্রা ইউরোতে কত হয়।
- একই ধরনের পদ একত্র বহু-ধাপের সমীকরণের সমাধান করবে, যেমন $2x + 3 + 5x = 10$.
- একটি সমস্যার সমাধান যুক্তিসঙ্গত কিনা তা বোঝার জন্য আনুমানিক হিসাব ব্যবহার করবে।

# বিজ্ঞান

সপ্তম গ্রেডে বিজ্ঞান ভূতত্ত্ব, পদার্থ এবং শক্তি, এবং মানুষ, পশু এবং অন্যান্য প্রাণিসত্তার গতিশীল ভারসাম্য অনুসন্ধান করে।

## স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- শিলার ধরন আগ্নেয় (ঠান্ডা হওয়া বা লাভা থেকে উৎপন্ন), পাললিক (তলানি জমা এবং সংকোচনে তৈরি), এবং রূপান্তরিত (তাপ এবং চাপে পরিবর্তিত) হতে পারে,তা বুঝবে।
- শিলা পরিবর্তনের চক্রের মাধ্যমে এক রূপ থেকে অপর রূপে পরিবর্তিত হয় একথা বুঝবে। যেমন, আগ্নেয়শিলা আবহাওয়া বা অন্যান্য শক্তি দ্বারা কণায় চূর্ণবিচূর্ণ হয়ে, চাপের কারণে পাললিক শিলায় পরিবর্তিত হয়ে যেতে পারে। চাপে এবং তাপে, আগ্নেয় এবং পাললিক শিলা উভয়ই রূপান্তরিত শিলায় পরিবর্তিত হয়ে যেতে পারে।
- জীবাশ্ম কোথায় পাওয়া যায় তা বুঝবে এবং অতীতের নির্দশন হিসাবে জীবাশ্মের গুরুত্ব বুঝবে।
- পৃথিবীর ভূ-ত্বক চলমান পেট দ্বারা গঠিত এবং এই তত্ত্ব সমর্থন করে সেসব প্রমাণ, সেগুলি বুঝবে।
- পৃথিবীর ভূ-ত্বকের স্তরচ্যুতির এবং ভাঁজের কারণে ভূমিকম্প হয়।
- পিরিয়ডিক টেবিল এবং উপাদান, পরমাণু, অণু এবং যৌগের ধারণা বুঝবে।
- রাসায়নিক বিক্রিয়া – অর্থাৎ একটি দ্রব্যকে ভিন্ন প্রকৃতির অপর একটি দ্রব্যে পরিণত করার প্রক্রিয়া বুঝবে। প্রচলিত রাসায়নিক বিক্রিয়া চিনতে পারবে, যেমন হাইড্রোজেনের পরমাণু এবং অক্সিজেন পরমাণু যখন মিলিত হয়ে পানির অণু সৃষ্টি করে।
- মানবদেহ কীভাবে তার ব্যবস্থাগুলিকে সহজভাবে এক সঙ্গে কাজ করিয়ে নিজের অন্তর্গত পরিবেশ স্থিতিশীল রাখে তা বুঝবে।
- দেহ তার অভ্যন্তরীণ পরিবেশ নিয়ন্ত্রণের জন্য কীভাবে শ্বাস-প্রশ্বাস এবং বিপাক প্রক্রিয়া ব্যবহার করে তা বুঝবে।
- উদ্ভিদ ও পশুপাখি কীভাবে শক্তি সংগ্রহ করে এবং তাদের বহিঃস্থ পরিবেশের প্রতি সাড়া দেয়, তা বুঝবে।

## বাড়িতে শেখা

***সন্তানের সাথে*** আমেরিকান মিউজিয়াম অব ন্যাচারাল হিস্টির বিশ্ব বিখ্যাত ফসিল হল-এ গিয়ে ***ডাইনসর এবং অন্যান্য প্রাগৈতিহাসিক জীব-জন্তুর জীবাশ্মের নমুনা দেখুন।*** ছোটদের জন্য মিউজিয়ামের ওয়েবসাইট Ology, www.amnh.org/ology/paleontology/stuff/findfossils.html, জীবাশ্ম সন্ধানীদের জন্য পরামর্শ এবং অন্যান্য সাইটের লিংক জোগায়।

***আপনার বাড়িতে যে-সকল রাসায়নিক বিক্রিয়া ঘটে তা চিহ্নিত করার জন্য সন্তানকে চ্যালেঞ্জ করুন।*** যেমন, রান্না, পরিষ্কার করা, এবং অন্যান্য দৈনন্দিন কার্যক্রমে যে-রাসায়নিক বিক্রিয়া ঘটে তা ভেবে দেখুন। মনে রাখবেন, প্রাকৃতিক প্রক্রিয়া, যেমন সালোকসংশ্লেষ এবং শ্বাস-প্রশ্বাস, এগুলিও রাসায়নিক বিক্রিয়ার উদাহরণ।

***আপনার সন্তানকে নিয়ে আপনার মহলার চারদিকে একটু দ্রুত হেঁটে ঘাম ঝরিয়ে নিন।*** আপনার দেহ জোরে জোরে শ্বাস নিয়ে কেমন ভাবে প্রতিক্রিয়া করে, হৃদস্পন্দন এবং অন্যান্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা বৃদ্ধি করে, তার উপর মনযোগ দিন। কার দেহ সবচেয়ে দ্রুত স্বাভাবিক অবস্থায় ফিরে আসে?

***আপনার সন্তানকে "ভলকানো ওয়ার্ল্ড" দেখতে উৎসাহিত করুন*** volcano.und.nodak.edu। খবর এবং তথ্য-সমৃদ্ধ এই ওয়েবসাইটে অগ্নিগিরির কাছাকাছি যাওয়ার ব্যক্তিগত প্রতিবেদন এবং বিশ্বব্যপী অগ্নিগিরির উদগীরণের হালনাগাদ তথ্য থাকে।

## *বাড়িতে শেখা*

***আপনার পরিবারের সদস্যদের নিয়ে আমাদের নগরীর আফ্রিকান-আমেরিকান ইতিহাস পর্যালোচনা করুন।*** আপনার সন্তানকে ইমিগ্র্যান্ট হেরিটেজ ট্রেইল ওয়েব সাইট immigrantheritagetrail.org, থেকে আফ্রিকান হেরিটেজ ওয়াকিং ট্যুর ডাউনলোড করতে বলুন। এটি লোয়ার ইস্ট সাইড টেনেমেন্ট মিউজিয়াম-এর একটি প্রকল্প।

***কীভাবে গৃহ যুদ্ধ নিউ ইয়র্ক স্টেট এবং আমাদের সিটিকে বদলে দিয়েছিল, সে সম্পর্কে গবেষণা করতে আপনার সন্তানকে উৎসাহিত করুন।*** যেমন, brooklynpubliclibrary.org/civilwar- ঠিকানায় ব্রুকলিন পাবলিক লাইব্রেরির অনলাইন ইতিহাস থেকে গৃহ যুদ্ধে ব্রুকলিনের অভিজ্ঞতার ইতিহাস দেখতে বলুন।

***আপনার সন্তানকে আপনার পরিবারের অভিবাসনের কাহিনী নিয়ে গবেষণায় উৎসাহ দিন*** এবং সেটি এলিস আইল্যান্ড ইমিগ্রেশন মিউজিয়াম, www.ellisisland.org, এর সঙ্গে বিনিময় করুন। আপনার সন্তান অন্যান্য পরিবারের কাহিনি নিয়ে গবেষণার জন্যও এই সাইটটি ব্যবহার করতে পারবে।

***পরিবারের সবাইকে নিয়ে*** ম্যানহাটনের ***জর্জ গুস্তাভ হেয়ে সেন্টার অব দি ন্যাশনাল মিউজিয়াম*** অব আমেরিকান ইন্ডিয়ান, www.nmai.si.edu, পরিদর্শন করুন। প্রথম ইউরোপীয় অভিযাত্রীরা যখন আসেন তখন এই অঞ্চলে কোন আদিবাসী আমেরিকান কম্যুনিটি বসবাস করতো অনুসন্ধান করুন ।

# সমাজপাঠ

সপ্তম গ্রেডের সমাজপাঠে শিক্ষার্থীরা ১৫০০ সন থেকে গৃহযুদ্ধের পরবর্তী সময়ের অবস্থা পর্যন্ত যুক্তরাষ্ট্র এবং নিউ ইয়র্কের ইতিহাস পাঠ করবে।

## *স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:*

- আদিবাসী আমেরিকান এবং প্রথম দিককার ইউরোপীয় বসতিস্থাপনকারীদের মধ্যে পারস্পরিক আদানপ্রদান এবং আদিবাসী আমেরিকানদের উপর বসতিস্থাপনের প্রভাব সম্পর্কে জানবে এবং বুঝবে।
- অ্যালগোনকুইন সংস্কৃতির রাজনৈতিক, অর্থনৈতিক, এবং সামাজিক কাঠামো সম্পর্কে বুঝবে।
- একই ঘটনা বা বিষয়কে ভিন্ন ভিন্ন মানুষ কীভাবে বৈচিত্র্যপূর্ণ দৃষ্টিকোণ থেকে পর্যবেক্ষণ করে তা বুঝবে। উদাহরণস্বরূপ, উপনিবেশীয় বসতি স্থাপন সম্পর্কে ইউরোপীয় অন্বেষণকারীদের দৃষ্টিভঙ্গি এবং স্থানীয় আমেরিকানদের দৃষ্টিভঙ্গি কেমন ভিন্নতর ছিল?
- আমেরিকাতে ইউরোপীয় উপনিবেশের উত্তরাধিকার এবং দায় অনুসন্ধান করে দেখবে। যেমন, নিউ আমস্ট্যারড্যামের উপনিবেশের উপর ওলন্দাজদের প্রভাব পরীক্ষা করে দেখবে, অথবা ইংরেজ, ফরাসি, এবং স্প্যানিশ উপনিবেশের মধ্যে তুলনামূলক আলোচনা করবে।
- ইতিহাসের একটি ঘটনা ঘটনাস্থলে উপস্থিত ব্যক্তির দৃষ্টিকোণ থেকে বর্ণনা করবে।
- বিকাশমান আমেরিকান জাতির বসতির ধারাকে ব্যাখ্যা করার জন্য মানচিত্র ব্যবহার করবে, যেমন লুইজিয়ানা ক্রয় এবং পশ্চিমমুখী সম্প্রসারণ।
- আমেরিকান বিপবের বহুবিধ কারণগুলো (অর্থনৈতিক ,সামাজিক এবং রাজনৈতিক) বুঝবে।
- যুক্তরাষ্ট্র প্রতিষ্ঠার ক্ষেত্রে যেসব দলিল মুখ্য ভূমিকা পালন করেছে সেগুলো পড়বে এবং ব্যাখ্যা করবে, যেমন ম্যাগনা কার্টা, ডিক্লারেশন অব ইন্ডিপেনডেন্স এবং বিল অব রাইটস্।
- দাসপ্রথার কারণ ও পরিণতি সম্পর্কে অবহিত হবে
- গৃহযুদ্ধ ও পুনর্গঠনের কারণ ও ফলাফল অনুধাবনে বিভিন্ন প্রাথমিক সূত্র পাঠ ও ব্যাখ্যা করবে।

# আরও অপরিহার্য জ্ঞান এবং দক্ষতা

*আমাদের সপ্তম গ্রেডের শিক্ষার্থীরা পড়া, লেখা, অঙ্ক করা এবং বিজ্ঞান ও সমাজপাঠের মূল ধারণাগুলো বুঝতে পারার বাইরেও আরও অনেক বেশি শিখছে।*

- ***শিল্পকলা:*** সপ্তম গ্রেডের শিক্ষার্থীরা দুই ধরনের শিল্পরীতির প্রতিটির জন্য এক সেমেস্টার করে অধ্যয়ন করবে, যেমন দৃশ্যকলা, নৃত্য, সঙ্গীত এবং থিয়েটার। তারা শিল্পরীতি বিষয়ে দক্ষতা এবং কৌশল অর্জন করবে; মৌলিক শিল্পকর্ম রচনা করবে, শব্দাবলি এবং সম্পর্কিত সাহিত্য অধিগত করবে; ইতিহাস গবেষণা করবে; শিল্পের প্রতিষ্ঠানগুলিকে শিক্ষা, সম্ভাবনাময় পেশা এবং এই ক্ষেত্রের উচ্চতর শিক্ষার উৎস হিসাবে ব্যবহার করবে। আরও বিশদ জানতে দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***শারীরিক পটুতা ও স্বাস্থ্য:*** শিক্ষার্থীরা তাদের ব্যক্তিগত স্বাস্থ্য এবং মঙ্গল, তাদের পরিবার এবং বন্ধুদের স্বাস্থ্য, এবং তাদের স্কুল এবং কম্যুনিটির স্বাস্থ্যের উন্নতি অর্জন অব্যাহত রাখবে। উদাহরণ হিসাবে, সকল বিষয়ে শিক্ষার্থীরা স্বাস্থ্যাভ্যাসের উপর পরিবার, সহপাঠী এবং প্রচার মাধ্যমের প্রভাব বিশেষণ করবে এবং কীভাবে সু-স্বাস্থ্যের অভ্যাস অনুশীলন করা এবং বিপদজনক আচরণ এড়িয়ে যাওয়া যায় তা বিশেষণ করবে, যেমন ধূমপান এবং ড্রাগস্ । আরও বিশদ জানতে দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***লাইব্রেরি এবং গবেষণা:*** বছরের শেষদিকে সপ্তম গ্রেডের শিক্ষার্থীরা প্রেক্ষাপট ব্যবহার করে কোন অনুসন্ধান স্পর্কে আঁচঅনুমান করতে পারবে; গবেষণার প্রশ্ন পরিমার্জন করতে পারবে; ব্যবহারযোগ্য, হালনাগাদ ও যথাযথ তথ্য মূল্যায়ন ও ব্যবহার করতে পারবে; ঘটনা ও মতামত দায়িত্বশীলভঅবে ব্যবহার করবে; সিদ্ধান্তগ্রহণের জন্য তথ্য বিন্যস্ত করবে; সূত্র উল্লেখ করবে; লেখক এবং অন্যদের দৃষ্টিকোণ চিনবে ও বিবেচনা করতে পারবে; নানা ধরনের বই পড়বে। আরও বিশদ জানতে দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***প্রযুক্তি:*** সপ্তম গ্রেডের শিক্ষার্থীরা প্রযুক্তি এবং তথ্যের নিরাপদ এবং গ্রহণযোগ্য ব্যবহার নিয়ে অনুশীলন, আলোচনা এবং বিনিময় অব্যাহত রাখবে। একটি ডেটাবেজ পরিকল্পন, নির্মাণ এবং উপাত্তপূর্ণ করার জন্য কীভাবে প্রক্রিয়াগুলিকে চিহ্নিত করতে এবং বাস্তবায়ন করতে হয়, এবং গবেষণার অনুমিতি বা গবেষণা-প্রশ্নের জন্য প্রাসঙ্গিক উপাত্ত প্রক্রিয়াকরণ এবং ফলাফল উপস্থাপনে কীভাবে প্রশ্ন জিজ্ঞাসা করতে হয় তা শিখবে। একটি নির্দিষ্ট সমস্যার কথা জানাতে এবং সমাধানে এবং ফলাফল উপস্থাপনে অথবা একটি সিদ্ধান্তের পেছনের তথ্যভিত্তিক যৌক্তিকতা চিহ্নিতকরণে এবং প্রকাশে শিক্ষার্থীরা বহু ধরনের তথ্য এবং যোগাযোগ প্রযুক্তির উপকরণ ব্যবহার করবে। আরও বিশদ জানতে দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.

## আরও জানুন

এই নির্দেশিকা আপনার সন্তান এই বছর যেসব আদর্শ মান শিখবে, সেগুলো সম্পর্কে একটি সাধারণ ধারণা দেয় মাত্র। আপনি কে থেকে ৮ সকল গ্রেডের জন্য এই নির্দেশিকা এবং সকল বিষয় ও সকল গ্রেডের মান সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে দেখতে ও ডাউনলোড করতে পারবেন।

আপনার সন্তানের শিক্ষা এবং আপনি কীভাবে বাড়িতে এবং স্কুলে উভয় স্থানেই এতে সহায়তা করতে পারেন সে-ব্যাপারে ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং ও ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস আরও নানা ধরনের পরামর্শ দিয়ে থাকে। আরও তথ্যের জন্য টিচিং অ্যান্ড লার্নিং এর ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/academics, এবং ওফিয়া ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/ofea দেখুন। আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে অথবা ওফিয়াকে (212) 374-2323 নম্বরে ফোন অথবা ofea@schools.nyc.gov. ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করতে পারেন। এছাড়া, আপনি 311 - এ ফোন করে আপনার সন্তানকে নিয়ে যাওয়ার মত সিটির অন্যান্য সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সংস্থার সন্ধানও নিতে পারেন।

Department of Education
Joel I. Klein, Chancellor

DIAL 311

T&I-7924 7th (Bengali)